অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে ২লক্ষ টাকা খোয়ালেন জিবননগরের কসাই জিহাদ

গরু কিনতে আসার পথে জিবননগর থেকে বাসে উঠে দর্শনা অভিমুখে আসার সময় বাসের মধ্যে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নগদ ২লক্ষ টাকা খোয়ালেন কসাই জিহাদ (৪৫)। সে জিবননগর উপজেলার নারায়নপুর গ্রামের রওশন আলীর ছেলে।

প্রত্যক্ষদর্শী জানায়, বৃহস্পাতিবার দুপুর সাড়ে ১১টার দিকে জিবননগর থেকে দর্শনা অভিমুখে শাপলা পরিবহনে করে গরু কিনতে শিয়ালমারী হাটে আসছিলো জিবননগরের মাংস দোকানি কসাই জিহাদ।

এসময় গাড়িতে থাকা লোকজন ধারনা করে বলেন হয়তো গাড়িতে ওঠার আগে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে কিছু খেয়ে গাড়িতে উঠেছে। এসময় গাড়িতে উঠে তিনি শিয়ালমারী গরুর হাট অতিক্রম করলে অজ্ঞান হয়ে পড়ে। পরে গাড়ির সুপার ভাইজার ও হেলপার দর্শনা বাসস্ট্যান্ডের চুয়াডাঙ্গা শাপলা কাউন্টারে অজ্ঞান অবস্থায় নামিয়ে দেয়।

পরে তার মাথায় পানি দিয়ে কিছুটা সুস্থ করার চেষ্টা করে স্থানীয়রা। এসময় পুলিশের খবর দিলে দ্রুত দর্শনা থানা পুলিশ তাকে উদ্ধার করে। পরে তার কাছে থাকা মোবাইল থেকে বাড়িতে যোগাযোগ করলে তার আত্মীয় স্বজনরা দর্শনা বাসস্ট্যান্ড আসার আগেই দর্শনা থানা পুলিশ তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

এবিষয়ে জিহাদ হোসেনের বড় ভাবি চম্পা খাতুন জানায় সে প্রতি বৃহস্পতিবার শিয়ালমারী হাটে গিয়ে গরু কিনে শুক্রবার জিবননগরে মাংশ বিক্রি করে। আজও গরু কেনার উদ্দেশ্যে ২লক্ষ টাকা নিয়ে বেলা ১১টার দিকে বাসে করে শিয়ালমারী পশু হাটের উদ্দেশে রওনা হয়েছিলো।

পরে বেলা সাড়ে ১১টার দিকে আমরা মোবাইল ফোনে জানতে পারি তাকে অজ্ঞানপার্টি অচেতন করে গরু কেনা নগত টাকা নিয়ে গেছে এবং দর্শনা বাসস্ট্যান্ডে অচেতন অবস্থায় পড়ে আছে। পরে আমরা সেখানে গেলে জানতে পারি দর্শনা থানা পুলিশ তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছে।

আলমডাঙ্গা থেকে নিখোঁজ কলেজ ছাত্রী কোটচাঁদপুরে উদ্ধার অপহরণকারী আটক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থেকে নিখোঁজ এক কলেজ ছাত্রী (১৬) কে কোটচাঁদপুর শহর থেকে উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার কোটচাঁদপুর পৌর শহরের আদর্শপাড়া আখ সেন্টার এলাকার একটি ভাড়া বাসা থেকে তাকে উদ্ধার করা হয়।

এসময় শুভদেব নামে এক অপহরণকারীকে আটক করে পুলিশ। পরে তাদের কে আলমডাঙ্গা থানা পুলিশের হাতে হস্তান্তর করে মডেল থানা পুলিশ।

ভুক্তভোগী কলেজ ছাত্রীর বাবা জানান, গত ১২ সেপ্টেম্বর আলমডাঙ্গা আনন্দধাম এলাকার বখাটে শুভদেব আমার কলেজ পড়ুয়া মেয়েকে অপহরণ করে। বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট থানায় অভিযোগ করি। পুলিশ অনেক চেষ্টা করেও কোন খোঁজ পায়নি।

দীর্ঘ ২৫ দিন তাকে যশোর, ঝিনাইদহ, মাগুরা সহ বিভিন্ন এলাকায় আটকে রেখে শারিরিক ও পাশবিক নির্যাতন করে। আমার মেয়ে পরিবারের সাথে যোগাযোগের চেষ্টা করেও পারেনি। তাকে প্রায় সময় অচেতন করে রাখা হতো।

গত বুধবার (০৬ অক্টোবর) আমার মেয়ে একটি নাম্বার থেকে ফোন করে কোটচাঁদপুরে অবস্থানের কথা জানায়। বিষয়টি আলমডাঙ্গা থানা পুলিশকে জানালে তারা কোটচাঁদপুর থানা পুলিশের সঙ্গে যোগাযোগ করে।

পুলিশ বৃহস্পতিবার কোটচাঁদপুর আঁখ সেন্টার এলাকার একটি ভাড়া বাসা থেকে আমার মেয়েকে উদ্ধার করে। এসময় অপহরণকারী আটক হয়। এ ঘটনায় ছাত্রীর বাবা বাদী হয়ে আলমডাঙ্গা থানায় একটি অপহরণ ও ধর্ষণ মামলা করেছেন বলে নিশ্চিত করেছে আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক এস.আই সোহাগ।

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত ১

চুয়াডাঙ্গায় বৃহস্পতিবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ১ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার।

চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন। নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৯১ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ বৃহস্পতিবার ৪২ জনের নমুনা সংগ্রহ করেছে। এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৮ হাজার ১৫৫ জন।

এ দিকে ৭৮ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৯ হাজার ৯৯১ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে। এ সময় ১ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৯১ জনে। বৃহস্পতিবার কোনো করোনা রোগী সুস্থ হয়নি ।

এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৫৯৩ জন।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে ১ জন থাকলেও বাড়িতে আছেন ৮৯ জন। নতুন যে ১ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলায় ১ জন।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৮ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৭ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১.১৪ শতাংশ।

দর্শনায় মাদকসহ জয়রামপুরের সোহেল রানা গ্রেফতার

দর্শনায় মাদকসহ জয়রামপুরের সোহেল রানা (৩৩) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার বেলা সোয়া ১১টার দিকে তাকে মাদকদ্রব্য পাচারকালে গ্রেফতার করে দর্শনা থানা পুলিশ। সে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর মল্লিকপাড়ার রেজাউল করিমের ছেলে।

পুলিশ জানায়, বৃহস্পতিবার বেলা সোয়া ১১টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই সুমন্ত কুমার বিশ্বাস, এএসআই আনোয়ারুল হক ও এএসআই মামুনুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা-মুজিবনগর সড়কের চন্ডিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে পিচ রাস্তার উপর।

এসময় দর্শনা অভিমুখে পায়ে হেঁটে আসা এক পথচারীর পথ গতিরোধ করে পুলিশ। গতিরোধকারী পথচারীর হাতে থাকা সিমেন্টের তৈরী বাজার করা ব্যাগের মধ্যে তল্লাসী চালিয়ে ভারতীয় ৩ কেজি গাঁজা ও ৩৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এসময় পুলিশ সোহেল রানা নামের ওই মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করে। এদিকে সোহেল রানা পুলিশের হাতে গ্রেফতার হওয়ায় পালিয়ে যায় তার তিন সঙ্গী।

সোহেল রানার স্বীকারোক্তিতে পুলিশ আরও জানতে পারে পালিয়ে যাওয়া দুই জন দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বড় বলদিয়া পশ্চিমপাড়ার মৃত আজিম উদ্দিনের ছেলে জিয়া ওরফে কালো জিয়া (৩৫) ও একই পাড়ার টেপা মোড়লের ছেলে ইজা মোড়ল (৪০)।

এবিষয়ে দর্শনা থানায় মাদকদ্রব্য উদ্ধার সহ একজনকে আটক ও দুইজনের নাম উল্লেখ করে আরও একজনকে অজ্ঞাতনামা আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করেছে।

গাংনীতে ইটভাটা মালিকের ত্রিশ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীর ষানঘাটে অবৈধভাবে ইটভাটা স্থাপন ও ইট প্রস্তুতের অভিযোগে ইটভাটা মালিক বশিরকে ৩০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে এ অভিযান চালানো হয়।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম মৌসুমী খানম জানান, কোন অনুমতি ছাড়াই এই ইটভাটা মালিক ইট প্রস্তুত করছিলেন। অবৈধ ইটভাটা প্রস্তুত ও স্থাপন আইনের ২০১৩ এর ৪ ধারা অনুযায়ী দোষী সাব্যস্ত হওয়ায় ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মেহেরপুরে প্রবীণ শিক্ষক নফিজ উদ্দিনের ইন্তেকাল

মেহেরপুর বামনপাড়া কাজী কুদরুতুল ইসলাম মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক নফিজ উদ্দিন বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টার দিকে তিনি তার নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যকালে তার বয়স হয়েছিল ৮০ বছর। তিনি দুই ছেলে, এক মেয়ে, নাতি-নাতনিসহ বহু গুনাগ্রহী রেখে গেছেন। তার ছোট ছেলে তোফায়েল হাসান রুপক চিটাগাং সাইবার ট্রাইবুনাল এর ডিস্ট্রিকট এন্ড সেশন জজ হিসাবে দায়িত্ব পালন করছেন।
তার মৃত্যুতে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন গভীর শোক প্রকাশ করেছেন।

আমঝুপিতে বিশ্ব শিক্ষক দিবস উদযাপনে আলোচনা সভা ও র্যালী অনুষ্ঠিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মউক এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গণসাক্ষরতা অভিযান এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

এবারের প্রতিপাদ্য বিষয় ছিল “ শিক্ষা পুনরুদ্ধারের কেন্দ্রবিন্দুতে শিক্ষক”। সাবেক মেহেরপুর পৌর প্যানেল মেয়র আঃ রহিম এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা শিক্ষা অফিসার মোঃ মাহফুজুল হোসেন।

স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহাম্মদ আলী ও আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ তাজউদ্দীন আহাম্মদ। ধারনাপত্র পাঠ করেন প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন।

উন্মুক্ত আলোনায় অংশগ্রহণ করেন হাজী আজগর আলী মাষ্টার, আঃ রকিব ও শিরিন আক্তার। আলোচনার পর একটি র্যালী আমঝুপি বাজার প্রদক্ষিন করে। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

মর্তে মা দেবী দুর্গার আগমন

আর ক’দিন বাদেই মর্ত্যে আসছেন দেবী দুর্গা। তাইতো প্রতিমা তৈরীতে ব্যস্ত সময় পার করছেন ঝিনাইদহের প্রতিমা শিল্পীরা। লকডাউন শিথিল হওয়ার কারণে হঠাৎ করেই বেড়েছে কাজের চাপ। তাই রাত-দিন

পরিশ্রম করে নিপুণ হাতে তৈরী করছেন দেবী দুর্গাকে। করোনা পরিস্থিতিতে যেন স্বাস্থ্যবিধি উপেক্ষিত না হয় সে ব্যাপারে প্রস্তুতি নিয়েছেন সংশ্লিষ্টরাও।

সাধন মন্ডল। গত ১০ বছরের উপর তিনি প্রতিমা তৈরীর মতো গুরুত্বপূর্ণ কাজটি করে আসছেন। তার বাবার হাত ধরেই এ পেশায় আসা। তিনি এবার ১০ টি কাজ করছেন। এক একটি কাজ করে নিচ্ছেন ৩০ হাজার টাকা।

রমেশ মন্ডল। ছোটবেলা থেকেই দাদা-বাবাদের সাথে কাজের হাতেখড়ি। এবার হাতে নিয়েছেন ৬টি কাজ। খুবই ব্যস্ত। তার দলে লোকসংখ্যা বাড়াতে হয়েছে। সবজিনিষের দাম উর্দ্ধগতি। তারপরও সেরা কাজ দিতে পারবেন বলে আশা করেন।

সরেজমিনে ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোল মন্দির, নবগঙ্গা মন্দির, চাকলাপাড়া মন্দির, ঝিনাইদহ বারোয়ারী পুজা মন্দির, গুলশান পাড়া মন্দির, বনানী পাড়া মন্দির, পাগলাকানাই মন্দির, আরাপপুর মন্দির ঘুরে দেখা যায়, শিল্পীর নিপুণ হাতে চলছে প্রতিমা তৈরীর কাজ। নিখুঁতভাবে মনের মাধুরী মিশিয়ে কারিগররা ফুটিয়ে তুলছেন দূর্গা দেবীকে।

পাশাপাশি চলছে লক্ষ্মী, স্বরস্বতী, গণেশ ও কার্তিকের প্রতিমা তৈরীর কাজ। কোন মন্ডপে চলছে কাঠামো তৈরী আবার কোথায় করা হচ্ছে মাটির কাজ। সনাতন ধর্ম্বাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গোৎসব ঘনিয়ে আসায় ঝিনাইদহে যেন দম ফেলার ফুরসরত নেই প্রতিমা তৈরীর কারিগরদের। লকডাউন শিথিল হওয়ায় এবার কাজের চাপ বেশি।

তাইতো ভোর থেকে গভীর রাত পর্যন্ত কাজ করতে হচ্ছে তাদের। তবুও খুশি তারা। নতুনত্ব কিছু দিতে না পারলেও সাধ্যমত চেষ্টা করছেন দেবী দুর্গাকে সাজাতে এমনটিই জানালেন কারিগররা। আর সংশ্লিষ্টরা বলছেন, করোনাকালে বেড়েছে সবপ্রকার উপকরণের দাম। তাইতো এবার খরচ একটু বেশি।

জেলা পূজা উদযাপন পরিষদের দেওয়া তথ্য মতে এ বছর জেলার ৬ উপজেলায় ৪৩২ টি মন্ডপে অনুষ্ঠিত হবে দুর্গাপুজা। আগামী ১১ অক্টোর ষষ্টীপুজার মধ্য দিয়ে শুরু হবে দুর্গাপূজার আনুষ্ঠানিকতা।

ঝিনাইদহ সদর উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক উত্তম কুমার গাঙ্গুলী বলেন, মন্দিরে স্বাস্থ্যবিধি দুর্গোৎসব পালনে

সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম জানান, এদিকে দুর্গাপূজায় পূজায় সার্বিক নিরাপত্তার বিষয়ে প্রস্তুতি নেওয়া হচ্ছে বলে জানালেন পুলিশ কর্মকর্তা।

গাংনীতে বখাটেদের বিরুদ্ধে কেউ নালিশ নেয়নি

মাদ্রাসায় যাবার পথে চার বখাটের বেলুনের পানি নিক্ষেপের করে নারী শিক্ষার্থীদের উত্যক্তকরার ঘটনায় কেউ নালিশ নেয়নি।

উপজেলা প্রশাসন বলছে পুলিশের কাছে যেতে আর পুলিশ বলছে এটা প্রশাসনের দ্বায়। অবশেষে কোন সমাধান হয়নি ওই বখাটেদের। বিভিন্ন জায়গায় দৌড়াদড়ি আর মানস্মানের ভয়ে মাদ্রাসার চার নারী শিক্ষার্থী রয়েছেন এক রকম গৃহবন্ধী। অন্যান্য শিক্ষার্থীদের মধ্যেও চলছে আতংক।

নাম প্রকাশ না করার শর্তে নারী শিক্ষার্থীদের একজন অভিভাবক জানান, বামন্দী মাদ্রাসায় তাদের মেয়েরা পড়াশোনা করে। বেশ কিছুদিন যাবত বামন্দী পশ্চিমপাড়ার আশরাফুল ইসলামের ছেলে আকাশ, আব্দুস সালামের ছেলে শিমুল ও আফিরুল ইসলামের ছেলে রাজন বেলুনে পানি ভর্তি করে মেয়েদের গায়ে ছুড়ে মারে ও ভিডিও ধারণ করে টিকটক ভিডিও তৈরী করে।

গত কয়েকদিন আগে তারা টিকটক ভিডিওটি তাদের ফেসবুকে ছাড়লে মেয়েগুলো তাদের পরিবারকে জানায়। এ নিয়ে ওই বখাটের পরিবারের সাখে বাক বিতণ্ডারও ঘটনা ঘটে।

এনিয়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন দিতে আসলে তিনি গাংনী থানাকে জানাতে বলেন। পরে গাংনী থানার ওসি বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারের এখতিয়ার বলে অভিহিত করে তাদের বিদায় করেন। পরে স্থানীয় ভাবে বসেও বখাটেদের পরিবার প্রভাবশালী হওয়ায় কোন সুরাহা হয়নি। এ

নিয়ে এলাকায় চলছে চাপা উত্তেজনা।

এদিকে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, ঘটনার পরপরই পুলিশ জানাতে বলা হয়েছে সেই সাথে মাদরাসা কর্তৃপক্ষকে স্থানীয় চেয়ারম্যানকে জানাতেও বলা হয়েছে। পরে কি হয়েছে তা জানা নেই।

বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতির মুজিবনগর পরিদর্শন

স্বপরিবারে ব্যক্তিগত সফরে মুজিবনগর পরিদর্শন করেছেন বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারপতি জেবিএম হাসান। বৃহস্পতিবার দুপুর সাড়ে তিনটার দিকে মেহেরপুর জেলা আমঝুপি নিলকুঠি সফর শেষে তিনি মুজিবনগরে আসেন।পরে তিনি মুজিবনগর মুক্তিযুদ্ধো সৃতি কমপ্লেক্স ও স্বাধীনতা সড়ক পরিদর্শন করেন।এর আগে তিনি মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করেন।